

“টেকসই উন্নয়ন  
স্বাস্থ্যসম্মত স্যানিটেশন”



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
উপ-সহকারী প্রকৌশলীর কার্যালয়  
জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর  
ভূরুজামারী, কুড়িগ্রাম  
এর  
নাগরিক সেবা প্রদান প্রতিশ্রুতি  
**Citizen's Charte**

- ▶ পল্লী এলাকায় বিশুদ্ধ পানি সরবরাহের লক্ষ্যে অগভীর নলকূপ, তারা নলকূপ ও রিংওয়েল স্থাপন কাজ করা।
- ▶ সরকারী বরাদ্দ সাপেক্ষে হতদরিদ্রদের মধ্যে পল্লী এলাকায় স্যানিটারী ল্যাট্রিন বিনা মূল্যে বিতরণ করা।
- ▶ ১০০% স্যানিটেশন কভারেজ অর্জনের লক্ষ্যে বার্ষিক উন্নয়ন কর্মসূচীর বরাদ্দ সাপেক্ষে স্যানিটারী ল্যাট্রিন তৈরী ও বিক্রয় করা।
- ▶ ১০০% স্যানিটেশন কভারেজ অর্জনের লক্ষ্যে স্বাস্থ্য শিক্ষা বিষয়ে জনসচেতনতামূলক কার্যক্রম চালানো।
- ▶ পল্লী এলাকায় নলকূপ স্থাপনের পর পানির আর্সেনিক পরীক্ষা করা।
- ▶ সরকার নির্দেশিত প্রাথমিক স্কুলসহ পল্লী এলাকায় আর্সেনিক জরীপের জন্য প্রয়োজনীয় সংখ্যক নলকূপের পানি ফিল্ড কিটের মাধ্যমে আর্সেনিক পরীক্ষা করা।
- ▶ বন্যার সময় বিশুদ্ধ পানি সরবরাহ নিশ্চিত করার লক্ষ্যে নলকূপ উঁচু করণ, আশ্রয় কেন্দ্রে অস্থায়ী নলকূপ ও স্যানিটারী ল্যাট্রিন স্থাপন, পানি বিশুদ্ধ করণ ট্যাবলেট বিতরণ, নলকূপ মেরামত, বন্যা পরবর্তী ডুবে যাওয়া নলকূপ ব্লিচিং পাউডার দ্বারা জীবাণুমুক্ত করা।
- ▶ বরাদ্দ সাপেক্ষে নলকূপ তত্ত্বাবধায়ক পরিবারের মধ্যে প্রশিক্ষণ সহ এক জোড়া রেঞ্চ বিতরণ করা।
- ▶ পৌর এলাকায় অগভীর নলকূপ, গভীর নলকূপ; ওভারহেড ট্যাংক ও পাইপ লাইনের মাধ্যমে পানি সরবরাহ ব্যবস্থা করা।